



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং : ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৭৫

তারিখঃ ২১/১১/২০২৩খ্রিঃ

বিষয়: ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ নভেম্বর, ২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় এইচএসসি পরীক্ষা ২০২৩-এর ফলাফল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে। নিম্নে বর্ণিত যে কোন পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে।

- (১) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd) তে প্রবেশ করে HSC Result 2023 বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠান ভিত্তিক Result sheet download করা যাবে।
- (২) পরীক্ষার্থীরা [www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করে HSC Result 2023 বাটনে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।
- (৩) পরীক্ষার ফল প্রকাশের পর SMS-এর মাধ্যমে নিম্নোক্ত উপায়ে ফলাফল সংগ্রহ করা যাবে:

HSC Board name (First 3 letters) Roll Year টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

উদাহরণ:

HSC MYM 123456 2023 Send to 16222

- (৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) ওয়েবসাইটের Result কর্ণার- এ ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফলাফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।
- (৫) পুনঃনিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ২৭/১১/২০২৩ তারিখ থেকে ০৩/১২/২০২৩ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি. প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
- (৬) ফলাফল প্রকাশের দিন থেকে পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত হবে। বর্ণিত তারিখের পর বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর প্রদর্শিত হবে না।
- (৭) উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

প্রাপকঃ  
সংশ্লিষ্ট সকল।



২১/১১/২০২৩

(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

ইমেইল: [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সভাপতি আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা/শেরপুর;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৫। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৮। অফিস কপি।